

শ্রমিক কল্যাণ তহবিলে লভ্যাংশের ৭ কোটি ৪০ লাখ টাকা দিল কাফকো, নেসলে এবং হাইডেলবার্গ
ঢাকা, ৭ অক্টোবরঃ

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে সরকারি-বেসরকারি তিনটি কোম্পানি কর্ণফুলি ফার্টলাইজার
কোম্পানি লিঃ-কাফকো, নেসলে বাংলাদেশ এবং হাইডেলবার্গ সিমেন্ট কোম্পানি সাত কোটি ৪০ লাখ ৬৬
হাজার টাকা জমা দিয়েছে।

আজ বিকেলে সচিবালয়ে শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী বেগম মনুজান সুফিয়ানের হাতে কাফকো এর
চেয়ারম্যান এবং শিল্প সচিব কে এম আলী আজম, নেসলে বাংলাদেশে লিঃ এর কর্পোরেট এ্যাফেয়ার্স ডিরেক্টর
নকিব উদ্দিন খান, এবং হাইডেলবার্গের এক্সিকিউটিভ লিগ্যাল এ্যাফেয়ার্স মোস্তফা গালিব নিজ নিজ
কোম্পানীর পক্ষ থেকে সাত কোটি ৪০ লাখ ৬৬ হাজার ৫৮৯ টাকার চেক তুলে দেন।

চেক হস্তান্তর অনুষ্ঠানে গত এক বছরের মোট লাভের পাঁচ ভাগের এক দশমাংশ হিসেবে কর্ণফুলি সার
কারখানার এর পক্ষ থেকে ৫ কোটি ৫৭ লাখ ৬০ হাজার টাকা, নেসলে বাংলাদেশের পক্ষ থেকে এক কোটি ৭৪
লাখ ০৯ হাজার ৬২০ টাকা এবং হাইডেলবার্গ সিমেন্ট কোম্পানির পক্ষ থেকে ৮ লাখ ৯৬ হাজার ৯৬৯ টাকার
চেক প্রদান করা হয়েছে বলে জানানো হয়।

বাংলাদেশ শ্রম আইন অনুযায়ী, বার্ষিক হিসেবে কোনো প্রতিষ্ঠানের নিট লাভের শতকরা পাঁচ ভাগের এক
দশমাংশ বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন তহবিলে জমা দেওয়ার বিধান রয়েছে। এ পর্যন্ত সরকারি,
দেশি-বিদেশি এবং বহুজাতিক মিলে ১৭৩টি প্রতিষ্ঠান নিয়মিত এ তহবিলে অর্থ জমা দিচ্ছে। এ তহবিলে আজ
পর্যন্ত জমার পরিমাণ প্রায় ৪'শ ৮৫ কোটি টাকা।

চেক হস্তান্তর অনুষ্ঠানে মন্ত্রণালয়ের সচিব কে এম আব্দুস সালাম, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন এর
মহাপরিচালক ড. মোল্লা জালাল উদ্দিন, নেসলে বাংলাদেশের মানবসম্পদ উন্নয়ন বিভাগের পরিচালক
ফাতেমা রিজওয়ানা, কাফকোর চিফ ফিন্যানসিয়াল অফিসার মো. হাবিবুল্লাহ মন্জু, কোম্পানি সচিব ও
কর্পোরেট এ্যাফেয়ার্স অফিসার মো. রবিউল হক চৌধুরী, মানবসম্পদ উন্নয়ন বিভাগের ব্যবস্থাপক মো.
রাজিউর রহমান এবং সিবিএ এর সভাপতি মো. জসিম উদ্দিন উপস্থিত ছিলেন।

মোঃ আকতারুল ইসলাম

তথ্য ও জনসংযোগ কর্মকর্তা

ফোন-৯৫৭৩৮৩৯

মোবাইলঃ০১৭১৮৮৫১৮৫১

Email :- aktarullalpur@gmail.com



